

## সতর্ক হও

ভোগ লালসায় উন্মত্ত যতো নেতা  
ব্যবসায়ভিত্তিক সমাজ  
প্রবল লোলুপতায় অবিরত শুনা যায়  
বুভুক্ষু ক্ষুধিতের একক রেওয়াজ।

অননুমোদিত লোলুপতার পরিণতি,  
সর্বত্র সর্বভাবে মর্মাণ্ডিক  
ক্ষমা করে না এমন অকীর্তি-  
যা আবেথ, অসামাজিক, অমানবিক !

নিপীড়িতের মাত্রায়ে লাঞ্ছনা  
মৃত্যুর বিভীষিকা বিস্তার করে,  
জনগনের নেরাশ্যবোধ  
সামগ্রিক সামাজিক চেতনাকে ছিন্মূল করে।

যদিও মানুষ চৈতন্যের অঙ্গীকারবদ্ধ  
তথাপি প্রতিহিংসা প্রতিশোধ চায়,  
ধৰংসের মুখোমুখী রিপুর স্পর্দ্ধা  
হত্যার শিহরণ জাগায় চেতনায় চেতনায় !

বিপ্লবে বলীয়ান সমাজের সেই মুহূর্তগুলো  
কি মানসপটে ওঠে না ভেসে ?  
সাম্রাজ্যবাদীর কুশাসনে পরাধীনতার লাঞ্ছনায়  
বিপ্লবীদের একক যুদ্ধ কি হয় নি এই দেশে ?

ফরাসী দেশে মানুষের আন্দোলনের আলোড়নে  
অথবা রাশিয়ার মানুষের মহাবিপ্লবের বন্যায়  
কিন্তু মাওসেতুং এর আতঙ্কময় চায়নায়  
কাতারে কাতারে মানুষ মরেছে প্রতিহিংসা পরায়ণতায় ।

একই কারণ ছিল সর্বত্র  
মানুষের বিদ্রোহের  
কতিপয় মানুষের মাত্রাতিরিক্ত লালসাই  
কারণ হয়েছিল ওই সব মহাজাগরণের ।

এই রাজ্যে মুহূর্মুহু মানুষের প্রতি সংঘটিত অন্যায়  
সংশোধনহীন কুকীর্তির বিরামহীন স্বেচ্ছাচারিতায়  
মনস্বীদেরও করেছে অস্থির বার বার নির্ধিধায়  
বৃহত্তর সমাজ নিয়ত প্লাবিত বিদ্বেষের বিষকণ্যায় !

জীবনের মূল্যবোধের অভাব ও অস্পষ্টতা  
হিংস্র আবহাওয়ায় ব্যবসায়ে ক্রমাগত এমনই যদি ভয়াবহ  
বিপরীতগামী ঝঞ্জাবর্তের অমোঘ প্রতিক্রিয়া  
জনজীবনকে কি অচিরেই করবে না দুর্বিসহ ?

এখনও আছে সময়-মানুষ নিরপেক্ষতা দেখতে চায়  
ব্যাডিচারীরা সমাজের আইনে শাসিত হোক  
এখনও অবশিষ্ট আছে কিছু, মানুষের সহিষ্ণুতার  
শাসনের মোড় অতিক্রম ঘূরণ-প্রশাসন হোক নিরপেক্ষতার ।

নতুবা ভবিষ্যৎ জন্ম দেবে এক বিধবংসী দৈত্যের  
ভয়ঙ্কর হবে তার রূপ ।

সেই দানব যখন বিদ্রোহী সমাজে পরিপুষ্ট হবে  
ইপেচাশিক ন্শংসতায় ব্যক্ত হবে তার ভয়াল স্বরূপ।

তান্ত্র ছড়াবে সেই মহাদানব  
ধর্মসের বিভীষিকায়  
বর্তমানের এই বিবেকহীন ব্যাভিচারীর দল  
নিষ্ঠার কি পাবে তখন, তাদের জীবদ্ধশায় ?